



FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative

কৃষি সম্প্রসারণ সেবায় জেডার ও পুষ্টিতে সমন্বয়করণ

একটিভিটি শিট

মার্চ - ২০১৬

সময় :

৬০ মিনিট

প্রয়োজনীয় উপকরণসমূহ :

- রঙিন মার্কার বা চক, সাদা কাগজ



কার ক্ষমতা ও নিয়ন্ত্রণ আছে ?

ভূমিকা

কোন ব্যক্তি বা বস্তুর উপর নিয়ন্ত্রণকে ক্ষমতা বলে। ক্ষমতাবান হওয়া মানে হল কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারা, সম্পদের নিয়ন্ত্রণে করা এবং অন্যদেরকে নির্দেশনা দেয়া। জেডার বৈষম্য রোধের ১ম ধাপ হলো পরিবার ও সমাজে ক্ষমতার উৎস বিশ্লেষণ করা। ক্ষমতার বিভিন্ন ধাপ নির্ধারণ করে নারী পুরুষের নিজস্ব ক্ষমতা এবং তাদের অংশীদারদের ক্ষমতা, সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণের বিভিন্ন স্তর এবং তাদের জীবনকে নিয়ন্ত্রণ করার ব্যাপ্তিকে।

উদ্দেশ্য

- ✓ মানুষকে ক্ষমতাবান করে এমন বিষয়গুলো পরীক্ষা করা।
- ✓ একটি “সাধারণ” গ্রামীণ পরিবারে ক্ষমতার সক্রিয়তা বিশ্লেষণ করা।

ধাপসমূহ

১. অংশগ্রহণকারীদেরকে তাদের নামের প্রথম অক্ষর অনুযায়ী সারিবদ্ধভাবে দাঁড় করান। সারিগুলোকে চারটি সমান দলে ভাগ করুন।
২. প্রতিটি দলকে কাগজ, রঙিন মার্কার অথবা চক দিন। তাদেরকে পৃথক পৃথক কাগজে একটি সাধারণ গ্রামীণ পরিবারের বিভিন্ন সদস্যদের যেমন- মা, বাবা, ছেলে, মেয়ে, খালা, মামা, নানী, দাদা, স্বশুর, স্বাশুড়ী, অবিবাহিত ভাই ইত্যাদির ছবি আঁকতে বলুন।
৩. প্রতিটি দলকে তাদের আঁকা ছবিগুলোকে ক্ষমতার ধাপ অনুযায়ী সাজিয়ে রাখতে বলুন। যদি কয়েকজন সদস্য একই ধাপে থাকে তাহলে তাদের ছবি পাশাপাশি রাখতে হবে।
৪. অংশগ্রহণকারীদেরকে সকল ছবি নিরীক্ষণ করতে বলুন এবং সবাইকে বৃত্তাকারে দাঁড় করিয়ে নিচের প্রশ্নগুলো করুন :
 - কোন জিনিসটি একজন মানুষকে অন্যদের থেকে ক্ষমতাবান করে ?
উদাহরণ- লিঙ্গ, পারিবারিক অবস্থান, শিক্ষাগত যোগ্যতা, জ্ঞান, সম্পদ, সামাজিক অবস্থা, শারীরিক শক্তি, নৈতিক সততা
 - কিভাবে পরিবারের সদস্যদের মধ্যে ক্ষমতার স্থানান্তর ঘটে ?
(যেমন- একটি পরিবারে স্বামী মারা গেলে অথবা কাজের জন্য দূরে কোথাও চলে গেলে)
 - কি উপায়ে আমরা ক্ষমতার এই উপলদ্ধিকে শক্তিশালী করি ? কিভাবে এই



অনুভূতিকে চ্যালেঞ্জ করি ?

- কি উপায়ে আমরা আমাদের কাজে এবং পরিবারে ক্ষমতার প্রভাব বিস্তার করতে পারি?
- ৫. অংশগ্রহণকারীদের কার্যক্রমটির সারমর্ম জানানোর জন্যে নীচের প্রশ্নগুলো করুন :-
কোন পদ্ধতিতে ও কাদের জন্যে আপনি এই কার্যক্রম পরিচালনা করবেন?
আপনি এখানে কি পরিবর্তন আনতে পারেন ?

Resources

INGENAES (2015) Introductory Workshop on Integrating Gender and Nutrition v Agricultural Extension Services. Facilitator's Guide. <http://dev.ingenaes.illinois.edu/content/uploads/Gender-and-Nutrition-Facilitators-Guide.pdf>

Helen Keller International (2015) *Nurturing Connections. Adapted for Homestead Food Production and Nutrition. Technical Resource Guide.* Bangladesh p.p. 54- 56. www.fsnnetwork.org/sites/default/files/TOPS_Nurturing%20Connections_English_FINAL_P.pdf

বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি) কর্তৃক বাংলায় অনুদিত



Designed to be shared.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 Unported License. creativecommons.org/licenses/by/3.0

www.ingenaes.illinois.edu/library

Prepared by Jan Henderson
University of Illinois at Urbana-Champaign

Photo Credits: Jan Henderson & Kelly Davidson